নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৬/২৫০১ ৩১ মার্চ ২০২৬

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২ মার্চ ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। এতে আরও উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ বিভিন্ন বিভাগ ও দপ্তরের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।



২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে তিন দিনব্যাপী বিশ্ববিদ্যালয় বিধি-বিধান ও সরকারি বিধি-বিধান এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ শুরু হয়েছে। মঙ্গলবার (৩ মার্চ ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এর সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ শুরু হয়। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মচারীদের অংশগ্রহণে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩ মার্চ ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমাদেরকে রমজানের পবিত্রতা রক্ষা করতে হবে। নোবিপ্রবির সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী মিলে আমরা বিশ্ববিদ্যালয়কে উন্নতির দিকে নিয়ে যেতে সর্বদা সচেষ্ট থাকবো। এ বিশ্ববিদ্যালয়টি এ অঞ্চলের একটি গৌরবময় প্রতিষ্ঠান সুতরাং সেই গৌরব ধরে রাখার জন্য চেষ্টা চালিয়ে যাবো।




৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কৃষি বিভাগের পরিচালনায় এবং সাউথ ইস্ট ব্যাংকের অর্থায়নে যৌথ প্রজেক্টের উদ্বোধন উপলক্ষে ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৪ মার্চ ২০২৬) নোবিপ্রবি উপাচার্যের সম্মেলন কক্ষে আয়োজিত 'স্পেশাল করপোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি (CSR) ফান্ডেড প্রজেক্ট বাই সাউথ ইস্ট ব্যাংক পিএলসি' শীর্ষক ওই ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৪ মার্চ ২০২৬) মাইজদী মেহরান ডাইনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য বলেন সবাইকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা এবং অগ্রিম ঈদ মোবারক। আপনাদের পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক প্রত্যাশা করি। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন কর্মকাণ্ডে আপনাদের সহযোগিতা কামনা করছি। আজকের এই সুন্দর আয়োজনে অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ।



৬. ‘হাইড্রোজেনে জ্বালানির সম্ভাবনা, বাস্তবায়ন চ্যালেঞ্জ ও উত্তরণ কৌশল’ শীর্ষক একটি সেমিনার বৃহস্পতিবার (০৫ মার্চ ২০২৬) রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড (আরপিজিসিএল)-এর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। আরপিজিসিএল-এর এইচআর ডিপার্টমেন্ট উক্ত সেমিনারের আয়োজন করে। সেমিনারে মুখ্যপ্রবন্ধ উপস্থাপন করেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। তিনি তার উপস্থাপনায় ভবিষ্যৎ জ্বালানি হিসেবে হাইড্রোজেনের সম্ভাবনা, পরিবেশবান্ধব জ্বালানি ব্যবস্থায় এর গুরুত্ব এবং বাংলাদেশে এর বাস্তবায়নের বিভিন্ন দিক তুলে ধরেন।




৭. নোয়াখালী-৫ (কোম্পানীগঞ্জ-কবিরহাট) আসন থেকে নবনির্বাচিত সংসদ সদস্য জনাব ফখরুল ইসলাম এমপি’র মাতা রেজিয়া বেগম (৮৬) চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শনিবার (৭ মার্চ ২০২৬) ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এক শোকবার্তায়, উপাচার্য মরহুমার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।



৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ট্রেনিং ফর এসপিএম টিম' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। রোববার (০৮ মার্চ ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। হিট প্রজেক্টের প্রকল্প পরিচালক অধ্যাপক ড. আসাদুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবী। প্রশিক্ষণে রিসোর্স পার্সন ছিলেন হিট প্রজেক্টের সিনিয়র ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্ট মো. মনসুরুজ্জামান খান। কোর্স ডাইরেক্টর ছিলেন নোবিপ্রবি (UTAFS) এর কনভেনর ইঞ্জি. মো. জামাল হোসেন। প্রশিক্ষণে নোবিপ্রবির বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।




৯. আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (০৮ মার্চ ২০২৬) উপাচার্যের কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের নারী শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষার প্রসার, নারীর দক্ষতা উন্নয়ন এবং নেতৃত্ব বিকাশে সর্বদা অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষার্থীদের জন্য নিরাপদ ও সহায়ক শিক্ষার পরিবেশ নিশ্চিত করার পাশাপাশি গবেষণা, উদ্ভাবন এবং সহশিক্ষা কার্যক্রমে তাদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় প্রশাসন সজাগ রয়েছে।



১০. দেশব্যাপী নদী-নালা-খাল, জলাধার খনন ও পুনঃখনন কর্মসূচির আওতায় B-STRONG প্রকল্পের মাধ্যমে নোয়াখালী সদর উপজেলার নোয়াখালী ইউনিয়নে পেটকাটা খাল পুনঃখনন এর উদ্বোধন করা হয়েছে। সোমবার (১৬ মার্চ ২০২৬) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) সংলগ্ন এলাকায় প্রধান অতিথি হিসেবে এ কর্মসূচির উদ্বোধন করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা (মন্ত্রী পদমর্যাদা) জনাব মো. ইসমাইল জবিউল্লাহ। নোয়াখালী জেলা প্রশাসক জনাব মুহাম্মদ শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মো. শাহজাহান। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১১. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) নবনিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদকে অভিনন্দন জানিয়েছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ১৯ মার্চ ২০২৬ এক শুভেচ্ছা বার্তায় নোবিপ্রবি উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মামুন আহমেদ একজন অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন শিক্ষাবিদ। তার মতো একজন শিক্ষাবিদ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান হিসেবে যোগদান করায় দেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় এক নতুন দ্বার উন্মোচন হবে বলে আমার বিশ্বাস।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) রেজিস্ট্রার দপ্তরের সংস্থাপন শাখা (ক) এর অফিস সহায়ক আনোয়ার হোসেন (কচির) মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। ২৪ মার্চ ২০২৬ (মঙ্গলবার) এক শোকবার্তায় তিনি মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।



১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা উপলক্ষে গণমাধ্যমকর্মী ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের পৃথক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৫ মার্চ ২০২৬ বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়াম এবং বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে এ সভাসমূহ অনুষ্ঠিত হয়। এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, পরীক্ষা পরিচালনা কমিটিসমূহের সদস্যবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও সাংবাদিকবৃন্দ। এ সময় আসন্ন ভর্তি পরীক্ষার সামগ্রিক প্রস্তুতি সম্পর্কে সকলকে অবহিত করেন উপাচার্য।






১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা উপলক্ষে জেলার গুরুত্বপূর্ণ ব্যক্তি ও স্টেকহোল্ডারদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোয়াখালী-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোহাম্মদ শাহজাহান। ২৫ মার্চ ২০২৬ বেলা ৩টায় বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় নোয়াখালী-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোহাম্মদ শাহজাহান বলেন, বিগত বছরগুলোতে ভর্তি পরীক্ষার সময় নোয়াখালীবাসীর আতিথেয়তায় সবাই মুগ্ধ হয়েছেন। পূর্বের ন্যায় এবারও আমরা আমাদের সুনাম অক্ষুণ্ন রাখতে চাই। আপনাদের সকলের সহযোগিতায় এবারে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হবে এ প্রত্যাশা রইলো।



১৫. ২৫ মার্চ কালরাত্রি স্মরণে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মোমবাতি প্রজ্জ্বলন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। নোবিপ্রবি কেন্দ্রীয় শহিদ মিনারের পাদদেশে ২৫ মার্চ ২০২৬ রাত ১১টা ০১ মিনিটে এ মোমবাতি প্রজ্জ্বলন কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।




১৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ পালিত হয়েছে। এ উপলক্ষে ২৬ মার্চ ২০২৬ আয়োজিত অনুষ্ঠানমালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সঙ্গীত পরিবেশন, বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা, শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা, মিলাদ ও দোয়া অনুষ্ঠান। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ এবং নোবিপ্রবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




১৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। ২৭ মার্চ ২০২৬ নোবিপ্রবি কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ২৪৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১৯৫২ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৮০.০৭ শতাংশ। পরীক্ষা শুরু হলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এ সময় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, নোয়াখালী জেলা প্রশাসন ও পুলিশ সুপারের প্রতিনিধি, পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।



১৮. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) নবনিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। রবিবার (২৯ মার্চ ২০২৬) রাজধানীর আগারগাঁওয়ে ইউজিসি কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে উপাচার্য নোবিপ্রবির উন্নয়নে ১২৬৫ কোটি টাকার একটি প্রকল্প প্রস্তুত করা হয়েছে বলে মঞ্জুরী কমিশনের চেয়ারম্যানকে অবহিত করেন। এ সময় উপাচার্য এ প্রকল্প পাসে ইউজিসি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। এছাড়াও শিক্ষা, গবেষণা, অবকাঠামো ও র‍্যাঙ্কিংয়ের ক্ষেত্রে উপাচার্য নোবিপ্রবির বর্তমান অবস্থান তুলে ধরে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে তার সহযোগিতা প্রত্যাশা করেন। সাক্ষাতকালে উপাচার্য ইউজিসি চেয়ারম্যানকে নোবিপ্রবি পরিদর্শনের আমন্ত্রণ জানান।



১৯. ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। রোববার (২৯ মার্চ ২০২৬) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে উভয়ে কুশল বিনিময় করেন এবং দেশের উচ্চশিক্ষা ও গবেষণার মানোন্নয়ন, বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতা এবং শিক্ষা-গবেষণা কার্যক্রম জোরদারের বিষয়ে মতবিনিময় করেন। এ সময় নোবিপ্রবি উপাচার্য ঢাবির নবনিযুক্ত উপাচার্যকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪